গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর- ২০৫

**নির্বাচন সংশ্লিষ্ট আইন-শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় করতে আগামীকাল রাজশাহীতে আসছেন স্বরাষ্ট্র উপদেষ্টা**

রাজশাহী; ২০ মাঘ (০৩ ফেব্রুয়ারি):

স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মো. জাহাঙ্গীর আলম চৌধুরী আগামীকাল বুধবার (০৪ ফেব্রুয়ারি) একদিনের সরকারি সফরে রাজশাহী আসছেন।

ওইদিন তিনি বিকাল তিনটায় রাজশাহী কারা প্রশিক্ষণ একাডেমি মিলনায়তনে মহানগর এবং রাজশাহী বিভাগের নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে 'ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট-২০২৬' সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে আইনশৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

স্বরাষ্ট্রের মন্ত্রণালয়ের সিনিয়র সচিব নাসিমুল গনি এর সভাপতিত্বে অনুষ্ঠানে রাজশাহী বিভাগীয় কমিশনার, পুলিশ কমিশনার, রেঞ্জ ডিআইজি, আঞ্চলিক নির্বাচন অফিসার, বিভাগের সকল জেলা প্রশাসক, পুলিশ সুপার, জেলা নির্বাচন অফিসার, উপজেলা নির্বাহী অফিসার, অফিসার ইনচার্জসহ সকল থানা ও নির্বাচন সংশ্লিষ্ট অন্যান্য বাহিনীর কর্মকর্তাগণ উপস্থিত থাকবেন।

.......................................................

রুহুল/তৌহিদ/আতিক/আলীম/হালিম/২০২৬/১৪:০০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd